**1 (Sem–3/FYUGP) BEN42MN/(B)**

**2025**

# BENGALI

( Minor )

Paper : BEN4300204 MN

**(SET–B)**

*( শরৎ সাহিত্য পাঠ )*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) হেমাঙ্গিনীর স্বামীর নাম কী?

(খ) 'বাড়ি লইয়া গিয়া বড়কর্ত্তা চোরের শাস্তি শুরু করিলেন।' — 'চোর' কাকে বলা হয়েছে?

(গ) মধুসূদন ভট্টাচার্যর ছেলের নাম কী?

(ঘ) 'গো-ব্রাহ্মণে ভক্তি তাহার এ অঞ্চলে বিখ্যাত।'
— এখানে কার কথা বলা হয়েছে?

(ঙ) 'নারীর মুল্য' প্রবন্ধটিতে শরৎচন্দ্র কোন ছদ্মনাম ব্যবহার করেছিলেন?

(চ) 'প্রাচীনকালে স্ত্রীলোক বেদ পর্যন্ত তৈরি করে গেছেন।'
— এ-কথা অক্ষয় কুমার দত্তের কোন গ্রন্থে লেখা রয়েছে?

(ছ) নরেনের বাবার নাম কী?

(জ) 'হোক ম্লেচ্ছ! বাবা, তবুও রায়বংশের মেয়ে – হরি রায়ের নাতনী।'
— এই 'নাতনী'টি কে?

২। নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : *(যে-কোনো ছয়টি)*

২×৬=১২

(ক) হেমাঙ্গিনীর ছেলে ও মেয়ের নাম কী কী?



(খ) কেষ্টধনের বৈমাত্রেয় বড় দিদির নাম কী? তাঁদের বাড়ি কোথায় ছিল?

(গ) 'নে, শিগগির করে একটু খেয়ে নে বাবা, দেরি হলে আবার –'
— কে, কাকে এ-কথা বলেছিলেন?

(ঘ) রাজনারায়ণবাবুর গৃহদেবতা কে? তাঁর পাশে কার মূর্তি তিনি প্রতিষ্ঠা করেছিলেন?

(ঙ) 'মাকে পোড়াবি ত গাছের দাম পাঁচটা টাকা আন্‌গে।'
— কে, কাকে পাঁচ টাকা আনতে বলেছিলেন?

(চ) 'The Romance of the South Seas' গ্রন্থের লেখক কে? গ্রন্থটিতে কোন দ্বীপের অধিবাসীদের কথা লেখা আছে?

(ছ) শূন্যস্থান পূর্ণ করো —
'_____ ও _____ স্ত্রীলোকেরাও স্বামীকে তাড়াইয়া দিয়া পুনরায় বিবাহ করে।'

(জ) 'তা হলে পূর্ণ গাঙ্গুলিকে জানিয়ে পাঠান যে, রাসবিহারী বাবু যে হুকুম দিয়েছেন, তা অন্যথা করা আপনার সাধ্য নয়।'

— কে, কাকে এই পরামর্শ দিয়েছেন?

(ঝ) নরেন কত দিয়ে microscope যন্ত্রটি কিনেছিলেন? কত দাম পেলে সেটা তিনি দিয়ে দেবেন বলে বিজয়াকে কথা দিয়েছিলেন?

(ঞ) "আপনি যে একটি 'সাইলক' তা জানলে আসতাম না।"

— কে, কাকে 'সাইলক'-এর সঙ্গে তুলনা করেছেন?

নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর লেখো : *(যে-কোনো চারটি)*

৫×৪=২০

(ক) 'আমি কাল সকালেই পুজো দিয়ে তোমাকে প্রসাদ এনে দেব।'

— বক্তা কে? সে কাকে প্রসাদ এনে দেবার কথা বলেছে? প্রসঙ্গটি লেখো। ১+১+৩=৫



(খ) ছোটোভাইয়ের মানসিক উন্নতি-অবনতির দিকে হেমাঙ্গিনী কীভাবে প্রখর দৃষ্টি রেখেছিলেন, তার বিবরণ দাও।

(গ) 'সব ব্যাটারাই এখন বামুন কায়েত হতে চায়।'

— মন্তব্যটি কার? কোন পরিপ্রেক্ষিতে তিনি এ-কথা বলেছিলেন?

(ঘ) 'সতী' গল্পে কাকে সতী বলা হয়েছে? তাঁর সতীত্ব প্রমাণ হবার *একটি* উদাহরণ দাও। ১+৪=৫

(ঙ) 'ধর্মের গোঁড়ামি অধর্মের অত্যাচার নারীকে যে কত নীচু করিয়াছিল, ইউরোপের মধ্যযুগ তাহার বড় প্রমাণ।'

— শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উল্লেখিত মধ্যযুগের ইউরোপ সম্পর্কিত উদাহরণগুলোর বিবরণ দিয়ে নারীর প্রতি অসম্মানের পরিচয় দাও।

(চ) ইসলাম ধর্মে নারীকে কোন চোখে দেখা হয় তা শরৎচন্দ্রের 'নারীর মূল্য' প্রবন্ধ অবলম্বনে লেখো।

(ছ) 'পুতুলপুজো আমাদের কাছে ধর্ম নয় এবং তার নিষেধ করাটাও আমরা অন্যায় মনে করিনে।'
— বক্তা কে? কাকে তিনি এ-কথা বলেছিলেন? তাঁর এই মন্তব্যের প্রেক্ষাপট সম্বন্ধে যা জানো, লেখো।

১+১+৩=৫

(জ) 'তাই ত আজ আমাদের আনন্দ প্রয়োজন, মহোৎসবের ঘটা।'
— বক্তা কে? কোন আনন্দ-আয়োজনের কথা এখানে বলা হয়েছে? আয়োজনটির বিবরণ দাও। ১+১+৩=৫

৪। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও ঃ *(যে-কোনো দুটি)*

১০×২=২০

(ক) 'মেজদিদি' গল্পের হেমাঙ্গিনী চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) শরৎচন্দ্রের 'মন্দির' গল্পের বিষয়বস্তু উল্লেখ করে এর নামকরণ যথার্থ হয়েছে কি না, তা আলোচনা করো।

(গ) 'মহেশ' গল্পের ঘটনাবলি বিশ্লেষণ করে গফুর ও মহেশের সম্পর্কের স্বরূপ আলোচনা করো।



(ঘ) 'নারীর মূল্য' প্রবন্ধ অনুসরণে ভারতবর্ষের কুলীন সমাজে প্রচলিত সহমরণ প্রথা সম্বন্ধে শরৎচন্দ্রের দৃষ্টিভঙ্গী স্পষ্ট করো।

(ঙ) 'বিজয়া' নাটকের কাহিনি অবলম্বনে বিজয়ার নারী-মানসিকতার পরিচয় দাও।

---